

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৩৩

৯. কিতাবুস সালাত (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ রাতের তাহাজ্জুদ ছুটে গেলে তা দিনে আদায় করা মুস্তাহাব

ذِكْنُ مَا يُسْتَحَبُّ لِلْمَرْءِ أَنْ يُصلِّيَ بِالنَّهَارِ مَا فَاتَهُ مِنْ تَهَجُّدِهِ بِاللَّيْلِ

আরবী

2633 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ سَعِيدِ السَّعِيدِيُّ حَدَّثَنَا عَلِيُّ بْنُ خَشْرَمٍ أَخْبَرَنَا عِيسَى عَنْ شُعْبَةَ عَنْ قَتَادَةَ عَنْ زُرَارَةَ بْنِ أَوْفَى عَنْ سَعْدِ بْنِ هِشَامٍ عَنْ عَائِشَةَ قَالَتْ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا عَمِلَ عَمَلًا أَثْبَتَهُ وَكَانَ إِذَا نَامَ مِنَ اللَّيْلِ أَقْ مَرِضَ صَلَّى مِنَ اللَّيْلِ أَقْ مَرِضَ صَلَّى مِنَ النَّهَارِ ثِنْتَيْ عَشْرَةَ رَكْعَةً قَالَتْ: وَمَا رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَامَ لَيْلَةً حَتَّى الصَّبَاحِ وَلَا صَامَ شَهْرًا مُتَتَابِعًا إِلَّا رمضان.

الراوي: عَائِشَة | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2633 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) م. (1213): م.

قَالَ أَبُو حَاتِمٍ: فِي هَذَا الْخَبَرِ دَلِيلٌ عَلَى أَنَّ الْوِتْرَ لَيْسَ بِفَرْضٍ إِذْ لَوْ كَانَ فَرْضًا لَصلَّى مِنَ النَّهَار مَا فَاتَهُ مِنَ اللَّيْل ثَلَاثَ عَشْرَةَ رَكْعَةً.

বাংলা

২৬৩৩. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন কোন আমল করতেন, তখন তা বহাল রাখতেন। আর যখন তিনি রাতে ঘুমিয়ে থাকতেন অথবা অসুস্থ হতেন, তখন তিনি দিনে ১২ রাকা'আত সালাত আদায় করতেন।"

আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা আরো বলেন, "আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে দেখিনি ভোর পর্যন্ত পুরো রাত সালাত আদায় করেছেন আর রমযান ব্যতিত কোন মাসেও দেখিনি যে, তিনি ধারাবাহিকভাবে পুরো মাস সিয়াম রেখেছেন।"[1]



আবূ হাতিম ইবনু হিবান রহিমাহুল্লাহ বলেন, "এই হাদীসে এই মর্মে দলীল রয়েছে যে, বিতর সালাত ফর্য ন্য়। কেন্না যদি বিতর সালাত ফর্য হতো, তবে রাতে যে (বিতরসহ) ১৩ রাকা আত সালাত আদায় করতেন, তা দিনে আদায় করতেন।"

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৭৪৬; সহীহ ইবনু খুযাইমাহ: ১১৬৯; বাগাবী: ৯৮৭; আবূ দাউদ: ১৩৪২; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৪৭১৪; আবূ আওয়ানা: ২/৩২১-৩২২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১২১৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন